



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ, ইস্কাটন
গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.৭৪৪

তারিখ: ৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র যাচাই সংক্রান্ত চূড়ান্ত মতামত প্রদান প্রসঙ্গে।

- সূত্র: (১) তাঁর প্রতিষ্ঠানের স্মারক নম্বর: ২০৬৯ /ফুডিক তারিখ: ৩১/০৮/২০২৩ খ্রিঃ।
(২) তাঁর প্রতিষ্ঠানের স্মারক নম্বর: ২১৩১ /ফুডিক তারিখ: ১৪/০৩/২০২৪ খ্রিঃ।
(৩) এ প্রতিষ্ঠানের স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.১২৭২ তারিখ: ২৫.১০.২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব লুবানা সুলতানা, প্রভাষক (প্রাণীবিদ্যা) এর শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র যাচাই সংক্রান্তে এনটিআরসিএ মতামত/ বক্তব্য নিম্নরূপ:

২। ২৫ অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখের ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.১২৭২ নং স্মারকমূলে শিক্ষক নিবন্ধন পরীক্ষার পত্যয়নপত্র যাচাই প্রতিবেদনটি এ অফিস থেকে প্রেরণ করা হয়েছে এবং উক্ত তারিখে ও স্মারকমূলে এনটিআরসিএ-এর ওয়েবসাইটে তা প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য, উক্ত স্মারকমূলে প্রকাশিত প্রতিবেদনটিতে প্রাপকের ঠিকানা সঠিক রয়েছে। তবে অনুলিপিতে ঠিকানা জেলা কুড়িগ্রাম এর পরিবর্তে ময়মনসিংহ হয়েছে সংশোধিত অনুলিপি পত্রে অন্তর্ভুক্ত করা হলো। ফুলবাড়ি নামে উভয় জেলায় উপজেলা থাকায় এ বিভ্রান্তি হয়েছে মর্মে প্রতীয়মান।

৩। ০৭ মার্চ, ২০২৪ ইং তারিখের ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.৫৪০ (২) নং স্মারকের পত্রটি এনটিআরসিএ অফিস থেকে জারী করা হয় নাই। উক্ত পত্রে সহকারী পরিচালক জনাব ফিরোজ আহমেদ এর স্বাক্ষর জাল করা হয়েছে যা ফৌজদারী অপরাধ বটে।

৪। জনাব লুবানা সুলতানা একজন **Habitual Offender** বা অভ্যাসগত অপরাধী। এহেন জালিয়াতকে আইনের আওতায় আনা না হলে তিনি আরও জালিয়াতি করবেন বিধায় তার বিরুদ্ধে জালিয়াতির মামলা করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৬-০৪-২০২৪
তাজুল ইসলাম

সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-৩)


অধ্যক্ষ, ফুলবাড়ী ডিগ্রী কলেজ, ডাকঘর: ফুলবাড়ী, উপজেলা: ফুলবাড়ী, জেলা: কুড়িগ্রাম।।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩.৭৪৪/১ (৫)

তারিখ: ৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম।;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রাম;
- ৪। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, কুড়িগ্রাম এবং
- ৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (পত্রটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।



১৭-০৪-২০২৪

তাজুল ইসলাম

সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-৩)